



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
www.techedu.gov.bd




স্মারক নং-৫৭.০৩.০০০০.০২৩.৯৯.০০১.২৩-১৪

তারিখঃ ১৩/০৫/২০২৩খ্রি.

## ঘূর্ণিঝড় 'মোখা'- এর বিষয়ে জরুরি নির্দেশনা

- ঘূর্ণিঝড় 'মোখা'-এর কারণে উপকূলীয় ১৯টি জেলায় (খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, পটুয়াখালী, বরগুনা, ভোলা, পিরোজপুর, বরিশাল, ঝালকাঠি, নোয়াখালী, লক্ষ্মীপুর, ফেনী, চাঁদপুর, চট্টগ্রাম, কক্সবাজার, ফরিদপুর, মাদারীপুর, গোপালগঞ্জ ও শরীয়তপুর) অবস্থিত কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান (ইঞ্জিনিয়ারিং কলেজ, পলিটেকনিক ইন্সটিটিউট এবং টেকনিক্যাল স্কুল ও কলেজ) এর আগামীকাল রবিবার, ১৪/০৫/২০২৩খ্রি. তারিখের শ্রেণী কার্যক্রম বন্ধ থাকবে। তবে, অফিস যথারীতি খোলা থাকবে।
- উপকূলীয় ১৯টি জেলায় অবস্থিত কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন কোন শিক্ষা প্রতিষ্ঠান স্থানীয় প্রশাসন কর্তৃক আশ্রয় কেন্দ্র হিসেবে ব্যবহৃত/নির্বাচিত হলে আশ্রয় প্রার্থীদের আশ্রয়কালীন উক্ত প্রতিষ্ঠানের শ্রেণী কার্যক্রম বন্ধ থাকবে ও অফিস যথারীতি খোলা থাকবে।
- কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন আঞ্চলিক পরিচালকগণ তাঁর আওতাধীন বর্ণিত প্রতিষ্ঠানসমূহের প্রধানগণের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগসহ ঘূর্ণিঝড় 'মোখা' সংক্রান্ত পরিস্থিতির প্রতিবেদন দাখিল করবেন।

যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

  
১৩/০৫/২০২৩  
পরিচালক (প্রশাসন)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ